গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৮.০৮.২০২৬ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তির অনলাইন প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

***প্রথম ধাপ:***

অনলাইনে আবেদন ঃ শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admission)- এর Degree Pass Tab অপশনে ক্লিক করে Apply now (**Degree Pass**) অপশনের মাধ্যমে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি একটিভ নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের ) সঠিকভাবে এন্ট্রি দিয়ে ১৮.০৮.২০২৬ খ্রি. থেকে ১৫.০৯.২০২৬ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক প্রিন্ট নিতে হবে এবং মুরারিচাঁদ কলেজ, সিলেট এ "ই-শিক্ষা" এর মাধ্যমে নির্ধারিত ফি (১,০০০/-) ১৮.০৮.২০২৬ খ্রি. থেকে ১৫.০৯.২০২৬ খ্রি. পর্যন্ত পরিশোধ করতে পারবে। উল্লেখ্য যে, শিক্ষার্থী নিজের অথবা অভিভাবকের সঠিক মোবাইল নম্বর দিতে হবে কারন জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

***দ্বিতীয় ধাপ :*** ফি ও আবেদন ফরম জমা সংক্রান্ত ঃ শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত ফি ১,০০০/- (এক হাজার) টাকা "ই-শিক্ষা" এর মাধ্যমে পরিশোধ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন-এর কপি ও ই-শিক্ষায় পরিশোধিত টাকা জমার রশিদ ভবিষ্যতের প্রয়োজনে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে। প্রাথমিক আবেদন ও আবেদন ফি জমার রশিদ কলেজে জমা দিতে হবে না।

***তৃতীয় ধাপ :*** ই-শিক্ষায় টাকা জমাদানের পদ্ধতি:

- কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: mcstudent, Password: mcstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- **Apply for Application Form** এ ক্লিক করতে হবে
- **Select Application Group** হতে **Admission Degree** নির্বাচন করতে হবে
- **NU Application ID-** এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন-এর ০৭ সংখ্যার **Application ID** সঠিকভাবে লিখতে হবে।
- **Student Name-** এ ইংরেজিতে **SSC** এর সনদ অনুযায়ী শিক্ষার্থীর নাম সঠিকভাবে লিখতে হবে
- **Mobile Number-** এ শিক্ষার্থীর/অভিভাবকের মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে
- সঠিকভাবে তথ্য সরবরাহের পর **Submit-**এ ক্লিক করতে হবে
  এখানেই শিক্ষার্থী কর্তৃক প্রাথমিক আবেদন সংক্রান্ত কার্যক্রম শেষ হবে।

বিশেষ দ্রষ্টব্য: শিক্ষার্থীর আবেদন ফরম এর **Application ID** এবং নাম, মোবাইল নম্বর সঠিকভাবে যাচাই করে ফি পরিশোধ করতে হবে। এ সংক্রান্ত কোনো ভুলের (ভুল **Application ID-** এ টাকা জমা) জন্য সকল দায়ভার শিক্ষার্থীকে বহন করতে হবে।

## ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০২১/২০২২/২০২৩ সালের SSC/সমমান পরীক্ষা এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর 'ক' নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০২১/২০২২/২০২৩ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে বি গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level I A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর 'ক' নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ অথবা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট প্রোগ্রামে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

চ) কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

*** বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর
১৪.০৮.২৬
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

18.08.2026
আহবায়ক
২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ডিগ্রী স্নাতক (পাস) ভর্তি কমিটি
মুরারিচাঁদ কলেজ, সিলেট